

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২৭

তারিখঃ ০৬/০৭/২০০৮ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

## একুইটি এন্ড অফ্রোপ্র্যান্যারশীপ ফান্ড (ইইএফ)।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২১ অক্টোবর, ২০০২ তারিখের ইইএফ সার্কুলার নং-৭ এর ০৩ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আইটি প্রকল্পে ইইএফ সহায়তা হিসেবে প্রদত্ত অর্থের বিপরীতে সরকারের অনুকূলে ইস্যুকৃত শেয়ার এর বাই-ব্যাংক প্রক্রিয়ায় ঝুঁকি পরিহারের লক্ষ্যে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, প্রকল্পের স্থায়ী সম্পদ (যদি থাকে) এর মূল্য ব্যতীত ইইএফ এর মঞ্জুরীকৃত অর্থের অবশিষ্ট অংশের জন্য উদ্যোক্তাগণের অথবা উদ্যোক্তাগণের পক্ষে অন্য কোন উপযুক্ত ব্যক্তির ব্যক্তিগত (Personal) গ্যারান্টি প্রকল্পের মূল্যায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে প্রদান করতে হবে।

এ পর্যন্ত জারিকৃত ইইএফ সার্কুলারে বর্ণিত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম, ফজলে রব)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১৬৩৬৫০